সংবাদ

তারিখ 06 JAN 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

### শেরপুর খামারকান্দি উচ্চ বিদ্যালয়

# একসেট বই ৬০০ টাকা!

বগুড়া অফিস

সরকারি এক সেট বইয়ের দাম ৬০০ টাকা দিতে হবে, না হলে বই দেয়া হবে না। বগুড়ার শেরপুর উপজেলার খামারকান্দি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরিফ উদ্দিন গত রোববার শিক্ষার্থীদের কাছে এভাবে টাকা চাওয়ায় ৪০ জন শিক্ষার্থী ও অভিভাবক স্বাক্ষর করে বই বিতরণে টাকা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগ সূত্রে জানা যায়, ১ জানুয়ারি দেশব্যাপী বিনামূল্যে পাঠ্য বই বিতরণ করা হলেও শেরপুর উপজেলার খামারকান্দি উচ্চ বিদ্যালয়ে ৫ জন শিক্ষার্থীকে ডেকে বই বিতরণ করে তার ছবি তোলেন। পরের দিন শনিবার শিক্ষার্থীরা নতুন বই নিতে গেলে ৬০০ টাকা লাগবে না হলে নতুন বই দেয়া হবে না বলে বিদ্যালয় কর্তৃপক্ষ জানায়। রোববার শিক্ষার্থী সাব্বির, সৈকত, মেহেদী, সেলিমসহ অনেকে জানান, বই দিবে শুনে আমরা স্কুলে গিয়েছিলাম। কিন্তু স্যার ৬০০ টাকা চাইছে তাই বাড়ি যাচ্ছি। এমন সময় শিক্ষার্থীরা কাঁদতে কাঁদতে স্কুল ত্যাগ করে। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরিফ উদ্দিন বলেন, বেতন ও সেশন ফির টাকা নেয়া হয়েছে বইয়ের জন্য কোন টাকা নেয়া হচ্ছে না। এ বিষয়ে শেরপুর উপজেলার নির্বাহী অফিসার একেএম সরোয়ার জাহান বলেন, অভিযোগ পেয়েছি তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।